

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
বিশেষ আদেশ

তারিখ : ০৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটরগণের অনুকূলে 4G লাইসেন্স ইস্যু বা নবায়ন ফি বা রয়্যালটি ফি বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বাবদ ধার্যকৃত বা নির্দিষ্টকৃত অর্থের উপর ৭.৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

নং ০২/মূসক/২০২১।—যেহেতু, জনস্বার্থে বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটরগণের অনুকূলে 4G লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হইলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ নির্ধারিত বা ধার্যকৃত অর্থের উপর মূল্য সংযোজন করের পরিমাণ হ্রাস করা সমীচীন ও প্রয়োজনীয়;

২। সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২, (২০১২ সনের ৪৭ নং আইন), এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ শর্ত সাপেক্ষে 4G লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি

(৫৫৫১)

মূল্য : টাকা ৪.০০

নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হইলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ নির্ধারিত বা ধার্যকৃত অর্থের উপর ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্ত :

- (ক) আলোচ্য অব্যাহতি সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী কোনো উপকরণ কর রেয়াত প্রযোজ্য হইবে না;
- (খ) 4G লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ প্রযোজ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) বিটিআরসি কর্তৃক উৎসে কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের পূর্বে মোবাইল অপারেটরদের অনুকূলে ইস্যুকৃত বা নবায়নকৃত লাইসেন্স কার্যকর করা যাইবে না; এবং
- (গ) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় যে কোনো সময় উক্ত অব্যাহতি রহিত করিতে পারিবে।

৩। এই আদেশ ০১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন

প্রথম সচিব (মুসক নীতি)।